

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৮১

আগরতলা, ১৭ জানুয়ারি, ২০২৫

খেদারনাল পাড়ায় স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচি



ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ স্বাভাবিক রাখতে আজকে যারা যুবক যুবতি তাদেরকে স্বাস্থ্য সচেতন রাখতে হবে, আর এই লক্ষ্যেই বয়ঃসন্ধিকালীন সমস্যা বিষয়ে স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচির ধারাবাহিকভাবে আয়োজন করা হচ্ছে। গত ১৫ জানুয়ারি গোমতী জেলার অধীন নতুনবাজার সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত খেদারনাল পাড়ায় স্থানীয় যুবক যুবতিদের নিয়ে এক স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। উক্ত কর্মসূচিতে সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ অসীমা চাকমা উপস্থিত এলাকাবাসীদের মধ্যে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সমস্যা, পরিবার পরিকল্পনা, কম বয়সে বিবাহের কুফল এবং বিভিন্ন রোগ-ব্যাদি থেকে বাঁচার উপায়গুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও উক্ত কর্মসূচিতে যুবক-যুবতীদের মধ্যে মাদকের ব্যবহার রোধ করা, বয়ঃসন্ধিকালীন কিশোরীদের মাসিকের সময় স্বাস্থ্যবিধি মেনে চলা, স্যানিটারি ন্যাপকিন ব্যবহারের উপকারিতা সহ অন্যান্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এই কর্মসূচিতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের মেডিক্যাল অফিসার ডাঃ বেবি জমাতিয়া, এমপিডব্লিউ রমজান হুসেন, এএনএম অঞ্জলী বালা জমাতিয়া, এডোলেসেন্ট কাউন্সিলর সাদেকের রহমান। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*